

সুরক্ষায়

গহন অরণ্যে চোরা শিকারিদের লোভের শিকার হচ্ছে বনের রাজা, বাঘ। আর সেই শিকারিদের হাত থেকে বনের সম্পদ রক্ষা করে চলেছেন একদল মানুষ। নিজেদের প্রাণ উপেক্ষা করেই। কখনও বা বাঘের হাতেই এঁদের মৃত্যু হয়। তবু নিজেদের জীবনের পরোয়া না-করেই ওঁরা রক্ষা করে চলেছেন প্রকৃতির সম্পদ। শার্দুলেরা যাতে শিকারিদের লোভের শিকার না-হয় সে-জন্য জঙ্গল প্রহরীদের পাশাপাশি সাংবাদিক, কর্পোরেট সংস্থাগুলির অবদানও কম নয়। এঁদের লেখনি, পৃষ্ঠপোষকতায় এগিয়ে চলে বাঘ রক্ষার কাজ। গহন অরণ্যের সেই অতন্দ্র প্রহরীদের পঞ্চমবারের জন্য 'গ্রিন গার্ড অ্যাওয়ার্ড'-এ সম্মানিত করতে চলেছে স্বেচ্ছাসেবী সংস্থা 'দ্য জঙ্গলিস'। সংস্থার পক্ষে রাজা চ্যাটার্জি জানিয়েছেন, দেশের ৩৭টি ব্যাপ্ত প্রকল্প ঘুরে চলবে সেরাদের বাছুর পর্ব। বছরান্তে দেওয়া হবে ৩৮টি পুরস্কার।

